

তাক পদ্ধতিতে পলুপালন

তাক তৈরীর পদ্ধতি

- পলু পালনের তাক বাঁশ, কাঠ, শক্ত প্লাস্টিক বা লোহা দিয়ে তৈরী করা যায়
- তাকগুলি দৈর্ঘ্য ২৪ ফুট, প্রস্থে ৫ ফুট হয় এবং দুটি তাকের মধ্যে দূরত্ব ২ ফুট রেখে ৩ থেকে ৫ টি তাক তৈরী করা যায়
- কাঠামো তৈরীর পরে নাইলন দড়ি, নাইলন নেট বা GI তার দিয়ে তাক তৈরী করে খবর কাগজ বিছিয়ে পলু দিতে হবে



ডাল পাতা পদ্ধতিতে ফিডিং এবং পলুর সুরক্ষা

- দিনে ২ থেকে ৩ বার ফিডিং যথেষ্ট।
- ৫০- ৬০ দিন বয়সের তুঁত গাছের ডাল এদিক ওদিক করে পলুর বেড়ে দিতে হবে।
- পলুর বেড়ে সুপারিশ করা কার্যসূচী অনুযায়ী ল্যাবেক্স অথবা বিজেতা পাউডার অবশ্যই ছড়িয়ে দিতে হবে।



১০০ডিমের পরিণত পলুপালনের আদর্শ অবস্থা


বিবরণ		চতুর্থ দশা	পঞ্চম দশা
তাপমাত্রা(সেন্টিগ্রেড)		২৪-২৫	২৩-২৪
আপেক্ষিক আদ্রতা (%)		৭০-৭৫	৬৫-৭০
ফিডিং পদ্ধতি		ডাল পাতা	
বেডের পরিসর (বর্গ ফুট)	প্রথমে	১৯০	৩৮০
	শেষে	৩৮০	৭০০
ডাল পাতার পরিমাণ(কেজি)		৫২৫	২৬৩০



তাক পদ্ধতিতে বাড়তি লাভ

কার্যক্রম	ট্রে পদ্ধতি	তাক পদ্ধতি	লাভ
মজুরি (@ ২৫০/- প্রতিদিন)	৩৯ টি	৩০ টি	৯ টি
গুটির পরিমাণ (কেজি/১০০ ডিম) @ ২৫০/-প্রতি কেজি	৫০	৫৫	৫

আনুমানিক বাড়তি আয় ৩৫০০ টাকা প্রতি ১০০ ডিমে।




তাক পদ্ধতিতে পলুপালন করুন, আয় বাড়ান

ভালো গুটির জন্যে প্লাস্টিক কোলাপসিবল মাউন্টেজ

বাঁশের চন্দ্রকী

- সম আকৃতির গুটির সংখ্যা কম হয়
- পাকা পলু চন্দ্রকীতে দিতে ও গুটি ছাড়াতে অনেক লোকবল দরকার
- পরিশোধন, রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ কষ্টসাধ্য
- বাঁশের কণ্ডিতে পলুর আঘাত প্রাপ্তির সম্ভাবনা
- পচা ও ডবল গুটির সংখ্যা বেশী হয়
- গুটির গুণগত মান খারাপ হয়



প্লাস্টিক কোলাপসিবল মাউন্টেজ


- ✓ সম মানের গুটি তৈরী হয়
- ✓ গুটির ছাড়ানো সহজ
- ✓ সংরক্ষণ করতে অল্প জায়গা লাগে
- ✓ অনেকদিন ব্যবহার করা যায় এবং সহজে পরিশোধন করা যায়
- ✓ স্বাস্থ্যবিধি বজায় রাখা সহজ
- ✓ শ্রম ও সময় কম লাগে
- ✓ বিকৃত গুটির সংখ্যা কম হয়
- ✓ গুটি তৈরীর খরচ কম



মাউন্টেজে পলুর ঘনত্ব



মাল্টি x বাই	প্রতি বর্গফুটে ৫০ টি পলু	৩৫০ টি পলু প্রতি মাউন্টেজে
বাই x বাই	প্রতি বর্গফুটে ৪০ টি পলু	৩০০ টি পলু প্রতি মাউন্টেজে

তাপমাত্রা: ২৪-২৫°সে; আ.আদ্রতা: ৬০-৭০%; আড়াআরি বায়ুচলাচল



মাউন্টেজ পরিষ্কার ও জীবাণু মুক্ত করা

- প্রথমে মাউন্টেজ থেকে ফেসো, মরা, পচা পোকা ছাড়াতে হবে
- তারপর ২% ব্লিচিং দ্রবণে প্লাস্টিক মাউন্টেজ গুলি একদিন ভিজিয়ে রাখতে হবে
- রোদে শুকিয়ে মাউন্টেজ গুলি ভালো ভাবে ভাজ করে ১০-১২ টার এক একটি বাগুিল বানাতে হবে
- বাগুিল গুলি পরিশোধিত জায়গায় রাখতে হবে



ভালো গুটি পেতে প্লাস্টিক মাউন্টেজ ব্যবহার করুন

বিস্তার ও প্রচার প্রভাগের কার্যাবলী সি.এস.আর.টি.আই.বহরমপুর (পশ্চিমবঙ্গ)

কার্যক্রম

- সেরি মডেল ভিলেজ (এসএমভি)
- বাইভোল্টাইন-ক্লাস্টার সংবর্ধন কার্যক্রম (বিভি-সিপিপি)

সি.এস.আর.টি.
আই.
(আর.এস.আর.এস.
এবং আর.ই.সি)

রাজ্য রেশম
দপ্তর

কৃষক ও
রিলার



প্রযুক্তি হস্তান্তর

- ❖ নতুন অনুমোদিত সি-২০৩৮ প্রজাতির জনপ্রিয়করণ
- ❖ নব উদ্ভাবিত পলু প্রজাতির সম্প্রসারণ
- ❖ জৈবিক পদ্ধতিতে তুঁত গাছের রোগ নিবারণ প্রযুক্তির ব্যবহারিক প্রয়োগ
- ❖ চাকী পলুপালন প্রযুক্তির সম্প্রসারণ
- ❖ তাক পদ্ধতিতে পলুপালন ও প্লাস্টিক মাউন্টেজ ব্যবহার প্রযুক্তির সম্প্রসারণ

সম্প্রসারণ যোগাযোগ কার্যক্রম

- সচেতনতা কার্যক্রম
- ক্ষেত্র দিবস
- প্রযুক্তি প্রদর্শন
- কৃষক দিবস
- দলবদ্ধ আলোচনা
- ওয়ার্কশপ / সেমিনার / প্রদর্শনী
- রেশম কৃষিমেলা



অন্যান্য ক্রিয়াকলাপ

- কৃষকদের তুঁত জমি ও পলুপালন তদারকি
- এম কিসান পোর্টালের মাধ্যমে এসএমএস পরিষেবা
- বেতার ও দূরদর্শন কার্যক্রমে অংশগ্রহণ
- ক্ষেত্রীয় রেশম অনুসন্ধান কেন্দ্র ও অনুসন্ধান সম্প্রসারণ কেন্দ্র গুলির কার্যকলাপ তদারকি

সেরি রিসোর্স সেন্টার

- বিদ্যমান সম্প্রসারণ ব্যবস্থাকে শক্তিশালী করতে প্রগতিশীল কৃষকদের মাধ্যমে সংশ্লিষ্টদের কাছে সেরি-প্রযুক্তি স্থানান্তরের সুবিধার্থে সেরিকালচার রিসোর্স সেন্টার (এসআরসি) প্রতিষ্ঠা করা হয়েছে।

সি.এস.আর.টি.আই., বরহমপুরের অধীনে এ পর্যন্ত ৬ টি এসআরসি প্রতিষ্ঠিত হয়েছে



এসআরসি, মল্লিকপুর, মুর্শিদাবাদ



এসআরসি, বাঁকীপুর, মুর্শিদাবাদ



এসআরসি, আলিনগর, মালদা



এসআরসি, ভিখারি হাজিটোলা, মালদা



এসআরসি, বারবাকপুর, নদিয়া



এসআরসি, কিশানপুর, বিহার

২০১৯-২০ সালে মোট ১২৬০ কৃষক ছয়টি সেরি রিসোর্স সেন্টারের মাধ্যমে বেশম চাষের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ পেয়েছে